অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/11/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল হারিকেন ফিয়োনার পর পুয়ের্তো রিকোর কৃষি শিল্পের জন্য অতিরিক্ত সহায়তা ঘোষণা করলেন

খাদ্যের দ্বিতীয় সরবরাহ - 19,000 পাউন্ড - নিউ ইয়র্ক স্টেটের খামারসমূহ থেকে স্থানীয় খাদ্য ব্যাংকে দান করা হয়েছে

নিউ ইয়র্ক এবং পুয়ের্তো রিকোর মধ্যকার বাণিজ্য অংশীদারিত্ব কৃষিপণ্য পাওয়ার সুযোগ সম্প্রসারিত করবে

কর্নেল ইউনিভার্সিটি শিক্ষার্থীদের কৃষি ও গবেষণার কর্মসূচি প্রদান করছে

গভর্নর ক্যাথি হোকল আজকে পুয়ের্তো রিকোর কৃষি শিল্প এবং জরুরি খাদ্য সহায়তা সংগঠনগুলির জন্য অতিরিক্ত সমর্থন ঘোষণা করলেন যেহেতু দ্বীপটিতে হারিকেন ফিয়োনার পরবর্তী পুনর্গঠন চলছে। নিউ ইয়র্ক স্টেট কৃষি ও বাজার বিভাগ (New York State Department of Agriculture and Markets, AGM) নিউ ইয়র্ক খামার ব্যুরোর (New York Farm Bureau) সহায়তায় নিউ ইয়র্কের খামারসমূহ থেকে 19,000 পাউন্ড খাদ্য দানের ব্যবস্থা করেছে। এটি সেপ্টেম্বর মাসে ফিডিং নিউ ইয়র্ক স্টেট (Feeding New York State) থেকে প্রদত্ত 37,000 পাউন্ড মিশ্র তাজা কৃষিপণ্য দান করার অনুবর্তী। এছাড়াও গভর্নর নিউ ইয়র্ক ও পুয়ের্তো রিকোর মধ্যে একটি নতুন বাণিজ্য অংশীদারিত্ব ঘোষণা করেছেন যাতে কৃষিপণ্য পাওয়ার সুযোগ সম্প্রসারিত হয় এবং একই সাথে কর্নেল ইউনিভার্সিটির (Cornell University) সাথে একটি অংশীদারিত্ব ঘোষণা করেছেন যাতে পুয়ের্তো রিকো-মায়াগুয়েজ ইউনিভার্সিটির (University of Puerto Rico-Mayaguez, UPRM) শিক্ষার্থীদের কৃষি ও গবেষণার জন্য নতুন কর্মসূচি ও অভিজ্ঞতা প্রদান করা যায়।

"ফিয়োনা যেই বিপর্যয় রেখে গেছে তা পুয়ের্তো রিকোতে আমাদের বন্ধু ও পরিবারের শক্তি ও দৃঢ়তার সামনে কিছু নয়," **গভর্নর হোকল বলেন।** "আমি আমাদের নিউ ইয়র্কের খামারিদের ধন্যবাদ জানাচ্ছি যারা ধারাবাহিকভাবে আমাদের অভাবী প্রতিবেশীদের সমর্থন করার আহ্বানে সাড়াদান করেছে, এবং আমি আগামী বহু বছরের জন্য তাজা কৃষি পণ্যের দ্বীপে যাওয়া-আসার আরো টেকসই পাইপলাইন গঠনে উন্মুখ।"

তার পরিদর্শনের সময়, গভর্নর ব্যাংকো ডে এলিমেন্টোস ডে পুয়ের্তো রিকোতে (Banco de Alimentos de Puerto Rico) (পুয়ের্তো রিকোর খাদ্য ব্যাংক) গেছেন দান গ্রহণ করতে এবং হারিকেনের বিপর্যয়ের পর অভাবে থাকা পরিবারগুলিকে খাদ্য বিতরণের জন্য তা পুনরায় মোড়কজাত করার জন্য। হারিকেন ফিয়োনা পুয়ের্তো রিকোর দক্ষিণপশ্চিম উপকূলের ভূমিতে আঘাত হানে 18 সেপ্টেম্বর, রবিবার, যেখানে ঘণ্টায় 85 মাইল গতির বায়ু এবং কিছু এলাকায় 30 ইঞ্চি পর্যন্ত মুষলধারে বৃষ্টিপাত হয়েছে। সর্বনাশা বন্যা হয়েছিলো, বিশেষ করে দ্বীপের দক্ষিণ ও দক্ষিণপশ্চিম অংশে, যেখানে তীব্র বৃষ্টিপাতের পাশাপাশি নদীতে তীব্র পানিবৃদ্ধি ঝড়ের উত্থান/উপকূলীয় বন্যার সাথে সম্মিলিত হয়েছে। এটি প্রায় ফসল কাটার সময়ে ফসলের অনেক ক্ষতি করে, তাৎক্ষণিক ও ভবিষ্যৎ সহায়তার চাহিদা অনেকগুণ বৃদ্ধি করে।

AGM-র সাথে কাজ করে নিউ ইয়র্ক খামার ব্যুরো মিল্টনে হাডসন নদী ফল বিতরণকারী (Hudson River Fruit Distributors) থেকে 300 কেস আপেল, বল্ডউইনসভিলে রিভস ফ্যামিলি ফার্ম (Reeves Family Farm) থেকে দুই প্যালেট পাই বানানোর কুমড়া, অন্যান্য অংশগ্রহণকারী খামারগুলি থেকেই পাঁচ প্যালেট বাটারনাট স্কোয়াশ, কুমড়া, আলু এবং অন্যান্য তাজা সবজি মিলিয়ে মোট 19,000 পাউন্ড খাদ্য দানের ব্যবস্থা করেছে। সকল দান যাবে ব্যাংকো ডে এলিমেন্টোস ডে পুয়ের্তো রিকোতে (পুয়ের্তো রিকোর খাদ্য ব্যাংক) যেখান থেকে এটি পুরো দ্বীপে বিতরণ করা হবে।

পরিদর্শনটি এছাড়াও পুয়ের্তো রিকোর সাথে নিউ ইয়র্কের পারস্পরিক লাভজনক বাণিজ্য বিনিময় অংশীদারীত্ব পুনরায় শুরু করার কাজ শুরু করে দিয়েছে, যার মধ্যে রয়েছে একটি প্রারম্ভিক কৃষি বাণিজ্য ফোরাম (Agriculture Trade Forum) যার ফলে পুয়ের্তো রিকো নিউ ইয়র্ক স্টেটের আপেল, পেঁয়াজ এবং বাঁধাকপি কিনেছে এবং নিউ ইয়র্ক পুয়ের্তো রিকান আম, পেঁপে, এবং বিচিহীন তরমুজ কিনেছে। এই বাণিজ্য লেনদেন বিস্তৃত করার পরিকল্পনা চলছে, যা ব্রঙ্কসের নিউ ইয়র্ক খাদ্য হাবকে (New York Food Hub) পুয়ের্তো রিকোর ফল ক্রয়ে অন্তর্ভুক্ত করবে যার ফলে নিউ ইয়র্ক সিটির সুবিধাবঞ্চিত এলাকায় খাদ্য পাওয়ার সুযোগ বৃদ্ধি পাবে। নিউ ইয়র্ক কৃষি ও বাজার বিভাগ মুখ্য বিতরণ চ্যানেলগুলির সাথে কাজ করছে পুয়ের্তো রিকো থেকে নিউ ইয়র্কের বাজারে কৃষি পণ্যের এই লেনদেনের ব্যবস্থা করতে সাহায্য করার জন্য, এবং একইসাথে সমর্থন ও নিউ ইয়র্কের খামার থেকে ক্রয় বৃদ্ধি করতে সম্পর্ক বিস্তৃত করার জন্য। এটি খেয়াল করা গুরুত্বপূর্ণ যে পুয়ের্তো রিকো এর খাদ্যের 85 শতাংশ আমদানি করে এবং 2017 সালের হারিকেন মারিয়া এবং 2022 সালের ফিয়োনার মতো প্রাকৃতিক দুর্যোগ যেকোনো বছরের অবশিষ্ট 15 শতাংশকে ঝুঁকির সম্মুখীন করে, যার ফলে এই অঞ্চলে আরো খাদ্য অনিরাপত্তা দেখা দেয়।

কর্নেল ইউনিভার্সিটির কৃষি ও লাইফ সাইন্স কলেজ (College of Agriculture and Life Sciences, CALS) এইসব প্রচেষ্টাকে সমর্থন করছে পুয়ের্তো রিকো-মায়াগুয়েজ ইউনিভার্সিটির সাথে এর কাজের মাধ্যমে যাতে পুয়ের্তো রিকোর খাদ্যে টেকসই হওয়া সমর্থন করতে কৃষি বিজ্ঞানে নতুন শিক্ষার্থী অভিজ্ঞতা ও ইন্টার্নশিপ প্রস্তুত করা যায়। গত গ্রীষ্মে, কর্নেল ইউনিভার্সিটির কৃষি ও লাইফ সাইন্স কলেজ পুয়ের্তো রিকো-মায়াগুয়েজ ইউনিভার্সিটির পাঁচজন আন্ডারগ্র্যাজুয়েট শিক্ষার্থীর জন্য একটি গ্রীষ্মকালীন অভিজ্ঞতামূলক শেখার সুযোগ আয়োজন করেছে যাতে তারা কর্নেলের ক্ষেত ও গবেষণাগারে এক মাস কাটাতে পারে যেখানে তারা টেকসই কৃষি গবেষণা

অনুশীলন এবং মূল্য সংযোজিত কৃষি পণ্যের বিকাশ সম্পর্কে শিখতে পারবে। কর্নেল ইউনিভার্সিটির কৃষি ও লাইফ সাইন্স কলেজ আবার 2023 সালের গ্রীষ্মে এই কর্মসূচিটি প্রদান করবে আরো পাঁচজন শিক্ষার্থীর জন্য যাতে তারা গ্রীষ্মকালীন ইন্টার্নশিপের অভিজ্ঞতা অর্জন করতে পারে, সেই সাথে পুয়ের্তো রিকো-মায়াগুয়েজ ইউনিভার্সিটি প্রতি বছর অতিরিক্ত 20 পুয়ের্তো রিকো-মায়াগুয়েজ ইউনিভার্সিটির শিক্ষার্থীকে একটি কোর্স প্রদান করবে যা খামার বিজ্ঞান ও খাদ্য ব্যবস্থার উপর আলোকপাত করবে, যাতে পুয়ের্তো রিকোতে ভবিষ্যৎ খাদ্য উদ্যোক্তার বিকাশে সাহায্য করা যায়।

নিউ ইয়র্ক খামার ব্যুরোর প্রেসিডেন্ট ডেভিড ফিশার বলেন, "খামার সম্প্রদায়ের ইতিহাস রয়েছে যে তারা প্রকৃতির হাতে বিরাট ক্ষতির পর একে অন্যকে সমর্থন করতে এগিয়ে আসে, তা আমরা একটি খামার বা একটি মহাসাগর যা দ্বারাই পৃথক হই না কেনও। আমরা পুয়ের্তো রিকোর মানুষের সহমর্মী, এবং নিউ ইয়র্ক খামার ব্যুরো দ্রুত নিউ ইয়র্ক স্টেটের সাথে কাজ করেছে যাতে আমরা চাপ কমাতে যা সম্ভব তা করতে পারি। আমি বিশেষ করে ধন্যবাদ জানাতে চাই আমাদের খামারিদেরকে যারা ব্যাপক অভাবের সময় সাহায্য করার জন্য তাজা ফল ও সবজি দান করেছে।"

কর্নেল ইউনিভার্সিটির কৃষি ও লাইফ সাইন্স কলেজের বৈশ্বিক বিকাশের গবেষণা অধ্যাপক মারিসিলিসা অ্যাসভেডো বলেন, "পুয়ের্তো রিকোর কৃষি খাতকে পুনঃকল্পনা করার একটি জরুরি প্রয়োজন রয়েছে। কর্নেল এবং পুয়ের্তো রিকো-মায়াগুয়েজ ইউনিভার্সিটির মধ্যকার সমন্বয় শিক্ষার্থী ও ফ্যাকাল্টিকে আরো টেকসই ও স্থিতিস্থাপক কৃষি ব্যবস্থা তৈরির প্রচেষ্টার সাথে সংযুক্ত করে এবং নিযুক্ত গবেষকদের একটি সম্প্রদায় গঠন করে যারা খাদ্য নিরাপত্তা যেই মুখ্য জলবায়ু পরিবর্তন সমস্যার সম্মুখীন হচ্ছে তার সমাধানে কাজ করে। একটি মার্কিন যুক্তরাষ্ট্রের কৃষি বিভাগ-জাতীয় খাদ্য ও কৃষি ইনস্টিটিউট (United States Department of Agriculture-National Institute of Food and Agriculture, USDA-NIFA) শিক্ষা অনুদানের মাধ্যমে অর্থায়িত হওয়া আমাদের প্রকল্পটি UPRM আন্ডারগ্র্যাজুয়েট শিক্ষার্থী ও ফ্যাকাল্টির জন্য একটি শেখার পথ সমর্থন করে যাতে তারা নিউ ইয়র্ক স্টেটের কৃষি গবেষণা ও অনুশীলনের সাথে জড়িত হতে পারে এবং বিশ্বের শীর্ষ CALS গবেষণাগার ও কর্মসূচি থেকে গবেষণার অভিজ্ঞতা অর্জন করতে পারে। এই কর্মসূচিটি তরুণ গবেষকদের একটি প্রাণবন্ত সম্প্রদায় গঠনে সাহায্য করে যারা বর্ধনশীল জলবায়ু সঙ্কটকে সামাল দিবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418